



070

প্রাথমিক শিক্ষকদের দাবী চাৰিগুণে মেনে নেয়ার আহ্বান

প্রাথমিক শিক্ষক সমিতি নেতৃবৃন্দ ন্যায়সঙ্গত দাবী মেনে নেয়ার জোর দাবী জানিয়ে দাবী আন্দোলনের সঙ্গে একাত্মতা ঘোষণা করে অবিলম্বে প্রশাসনকে নিরপেক্ষ হবার আহ্বান জানিয়েছেন। গত বুধবার সকালে ঢাকা জেলা ক্রীড়া সমিতি মিলনায়তনে আলহাজ্ব শাহজাদা মুহঃ নূরুল আলম আমীরীর সভাপতিত্বে অনুষ্ঠিত প্রতিনিধি সম্মেলনে এ আহ্বান জানানো হয়। সম্মেলনে অন্যদের মধ্যে প্রধান অতিথি মিজানুর রহমান মিজান, বিশেষ অতিথি জাতীয় শিক্ষক সমিতি ফেডারেশনের অধ্যক্ষ এম শরীফুল ইসলাম, আহম্মদ হোসেন ও মতিউর রহমান এবং মহাসচিব ফজলুর রহমানও বক্তৃতা করেন। সভায় ২৫শে জানুয়ারীর মধ্যে দাবী মেনে না নিলে ফেব্রুয়ারীর শেষদিকে বায়তুল মোকাররমের সামনে মহাসম্মেলন করে আন্দোলনের কর্মসূচী ঘোষণা করা হবে বলে বলা হয়।

সংবাদ